# রাজশাহী সিটি কর্পোরেশন

## রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

**erajshahi.portal.gov.bd**

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৯ম সভার কার্যবিবরনীঃ

সভার তারিখ ঃ ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

সময় ঃ বেলা ০২:৩০ ঘটিকা

স্থান ঃ সরিৎ দত্ত গুপ্ত নগর সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ সংযুক্তি-ক।

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ৯ম সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। তিনি সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা এর ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪ নং স্মারক মাধ্যমে সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ' স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক) (২) মোতাবেক কমিটি গঠন করা হয়েছে। অতঃপর সভাপতি আলোচ্য সূচিভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | গত ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৮ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ। | গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে নিম্নবর্ণিত সংশোধনীসহ ৮ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের পক্ষে একমত পোষণ করা হয়।<br>৮ম সভার কার্যবিবরণী এর দ্বিতীয় পাতার আলোচ্যসূচি-৪ এর স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন -১ শাখা কর্তৃক গত ০১-০৬-২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৭০.২৬.০০২.১৬-৪৮৭ নং স্মারকে তিন চাকার স্বল্পগতির ব্যাটারী চালিত রিক্সা (ই-রিক্সা) স্ট্যান্ডার্ড মডেলের ডিজাইন ও স্পেসিফিকেশন সিটি কর্পোরেশন এলাকায় কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে করণীয় নির্ধারনের জন্য নিম্নবর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে সংশোধনপূর্বক ০৫ (পাঁচ) সদস্য এর স্থলে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। (প্রধান রাজস্ব কর্মকর্তা কমিটি সংশোধনের প্রস্তাব করেন।)<br>কমিটির রুপরেখাঃ<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১১ আহবায়ক<br>২। উপপরিচালক, বিআরটিএর উপযুক্ত প্রতিনিধি - সদস্য<br>৩। উপপুলিশ কমিশনার (ট্রাফিক) বা উপযুক্ত প্রতিনিধি -সদস্য<br>৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন -- সদস্য সচিব<br>গঠিত কমিটি মন্ত্রণালয় কর্তৃক ব্যাটারী চালিত রিক্সা (ই-রিক্সা) স্ট্যান্ডার্ড মডেলের ডিজাইন ও স্পেসিফিকেশন নির্ধারণপূর্বক কর্পোরেশনের পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত** : গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হলে নিম্নবর্ণিত সংশোধনীসহ ৮ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণের প্রস্তাব অনুমোদনের পক্ষে একমত পোষণ করা হয়।<br>৮ম সভার আলোচ্যসূচি-৪ এর স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন -১ শাখা কর্তৃক গত ০১-০৬-২০২৫ তারিখের ৪৬. ০০.০০০০.০০০.০৭০.২৬.০০২.১৬-৪৮৭ নং স্মারকে তিন চাকার স্বল্পগতির ব্যাটারী চালিত রিক্সা (ই-রিক্সা) স্ট্যান্ডার্ড মডেলের ডিজাইন ও স্পেসিফিকেশন সিটি কর্পোরেশন এলাকায় কিভাবে বাস্তবায়ন করা যায় সে বিষয়ে করণীয় নির্ধারনের জন্য নিম্নবর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে সংশোধন- পূর্বক ০৫ (পাঁচ) সদস্য এর স্থলে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয়ে সভায় প্রধান রাজস্ব কর্মকর্তার কমিটি সংশোধনের প্রস্তাব অনুযায়ী নিম্নবর্নিত কমিটির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ১১ - আহবায়ক<br>২। উপপরিচালক, বিআরটিএর উপযুক্ত প্রতিনিধি - সদস্য<br>৩। উপপুলিশ কমিশনার (ট্রাফিক) বা উপযুক্ত প্রতিনিধি -সদস্য | বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | ৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন - সদস্য সচিব<br>গঠিত কমিটি মন্ত্রণালয় কর্তৃক ব্যাটারী চালিত রিক্সা (ই-রিক্সা) স্ট্যান্ডার্ড মডেলের ডিজাইন ও স্পেসিফিকেশন করনীয় নির্ধারণপূর্বক কর্পোরেশনের পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | গত ০৫ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ৪র্থ সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক গত ০৫ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ৪র্থ সভার প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন করেন।<br>(ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ৭তলা বিল্ডিং এর জন্য বর্ণালী মোড়ের মরিয়ম টাওয়ারের পিছনে কর্ণার প্লট জেএল ৭৭, বহরমপুর মৌজা, আর এস ৫৫৮ দাগ, পরিমাণ ০.১৪১৮ একর জমি এবং গ্রীণ বিল্ডিং নির্মাণের জন্য পূর্ব নির্ধারিত জেএল ৮২, মৌজা-বড় বনগ্রাম, দাগ ২৩০৬, পরিমাণ ০.০৯০৭ একর বিশ্বব্যাংকের অর্থায়নে এলজিসিআরআরপি প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য পত্র প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বলেন, উক্ত স্থানটিতে ঢাকা হতে আগত একটি টিম পরিদর্শনকালে স্থানীয়রা স্থানটি নিয়ে আদালতে স্ট্যাটাসকু রয়েছে বলে আপত্তি তোলেন। সেই প্রেক্ষিতে উক্ত স্থানটিতে প্রকল্প নেয়া সমীচিন হবে না বলে উক্ত প্রকল্পের পিডি মহোদয় ফোনে অবহিত করেন।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পিপিআর-২০২৫ বিধিমালা অনুসরণে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিত করার গৃহীত সুপারিশ অনুমোদন এর বিষয়ে একক দর গ্রহণ যুক্তিসঙ্গত নয়। এছাড়া নিয়মিত মেয়র ব্যতীত এরকম প্রকল্প গ্রহণ করাও যুক্তিযুক্ত নয় বলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন।<br>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের প্রাকৃতিক জলাশয়সমূহের সংরক্ষণ উন্নয়ন শীর্ষক প্রকল্পটি দ্রুততম সময়ে ডিপিপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে দাখিলের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী মহানগরীর কুমারপাড়া গুল গফুর পেট্রোল পাম্প হতে সাহেব বাজার বড় মসজিদ, বড়কুঠি, দরগাপাড়া মোড়, বরেন্দ্র জাদুঘর মোড় হয়ে ফায়ার ব্রিগেড মোড় পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন শীর্ষক প্রকল্পটির নতুন ভাবে সম্ভাব্যতা যাচাই করে দ্রুততম সময়ে ডিপিপি প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যায় মর্মে গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ঙ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী বিমান বন্দর সড়কের বিমান চত্বর হতে রাজশাহী বাইপাস মহাসড়কের কাশিয়াডাঙ্গা রেলক্রসিং পর্যন্ত ৪ লেন সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পটির প্রস্তুতকৃত ডিপিপি | **সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনান্তে গত 05 জানুয়ারি 2026 তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটির ক ও খ এর সুপারিশ স্থগিত রেখে গ, ঘ, ঙ, চ ও ছ মোট ৫ (পাঁচ) টি সুপারিশ সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | স্থানীয় সরকার বিভাগে প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(চ) সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের ৩০টি ওয়ার্ডে সড়ক ও নর্দমা নির্মাণ প্রকল্পটির **প্রস্তুত**কৃত ডিপিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>(ছ) সভায় বিস্তারিত আলোচনান্তে ৮টি স্কীম প্রকল্পে অন্তর্ভুক্তি ও **প্রস্তুত**কৃত প্রাক্কলন অনুযায়ী এর অতিরিক্ত ব্যয় বরাদ্দের অনুমোদন চেয়ে প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণের গৃহীত সুপারিশ অনুমোদন।<br>বর্ণিত সুপারিশসমূহ অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ০৩ | LGCRRP প্রকল্পের আওতায় নির্মিত ক্ষতিগ্রস্থ CDC ভবন দুটি মেরামতের জন্য ৭,৬৮,২০৮.২৭ (সাত লক্ষ আটষট্রি হাজার দুইশত আট টাকা সাতাশ পয়সা) টাকা প্রাক্কলিত ব্যয় অনুমোদন এবং e-gp তে RFQ পদ্ধতিতে দরপত্র আহবানসহ পরবর্তী সকল কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক সভায় যে প্রস্তাবসমূহ উপস্থাপন করেন তা নিম্নরূপ :<br>গত ৫ আগষ্ট ২০২৪ তারিখে রাজনৈতিক সহিংসতায় ওয়ার্ড কার্যালয়সহ রাজশাহী সিটি কর্পোরেশন এর বিভিন্ন স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়। এর প্রেক্ষিতে LGCRRP প্রকল্পের আওতায় ৬ ও ৩০ নং ওয়ার্ডে নির্মাণকৃত দুই তলা বিশিষ্ট নতুন ২টি স্থাপনা ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থ স্থাপনাদুটি মেরামত করার জন্য দাপ্তরিক প্রাক্কলন **প্রস্তু**ত করা হয়। যার অর্থের পরিমাণ টাকা ৭,৬৮,২০৮.২৭ (সাত লক্ষ আটষট্টি হাজার দুই শত আট টাকা সাতাশ পয়সা)। **প্রস্তুত**কৃত দাপ্তরিক প্রাক্কলনটি অনুমোদন ও ভবন ২টি দ্রুত মেরামতের প্রয়োজনীয়তা থাকায় RFQ পদ্ধতিতে দরপত্র আহ্বান এর প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে। বর্ণিত প্রস্তাবের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে LGCRRP প্রকল্পের আওতায় নির্মিত ক্ষতিগ্রস্থ CDC ভবন দুটি মেরামতের জন্য ৭,৬৮,২০৮.২৭ (সাত লক্ষ আটষট্রি হাজার দুইশত আট টাকা সাতাশ পয়সা) টাকা প্রাক্কলিত ব্যয় অনুমোদন এবং e-gp তে RFQ পদ্ধতিতে দরপত্র আহবানসহ পরবর্তী সকল কার্যক্রম বাস্তবায়নের অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক। |
| ০৪ | মহানগরী এলাকায় ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান সংক্রান্ত ফি ও ভ্যাট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে নগর পরিকল্পনাবিদ, রাসিক সভায় প্রস্তাবসমূহ উপস্থাপন করেন তা নিম্নরূপ :<br>মহানগরী এলাকায় যে সকল স্থানে রাসিকের পরিকল্পনা রয়েছে, সে সকল স্থানে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান না করার বিষয়ে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে উক্ত স্থানসমূহের মৌজা, জে.এ.এল, দাগসমূহ পত্র মারফত জানানো রয়েছে। সেক্ষেত্রে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যদি রাসিকের পরিকল্পনার আওতাধীন মৌজা, জে.এ.এল, দাগসমূহের ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্রের জন্য আবেদন করেন, তবে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে রাসিকের ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র গ্রহণের নির্দেশনা দেন। রাসিক সরেজমিনে পরিদর্শনপূর্বক যাচাই বাছাই করে ফি আদায় করে থাকে। এমতাবস্থায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নতুনভাবে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান করা যেতে পারে।<br>(ক) নির্ধারিত ফি এর বিপরীতে ১৫% ভ্যাট আদায়ের মাধ্যমে গ্রাহককে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান।<br>(খ) অনাপত্তি পত্রের ফরমের সহিত প্রস্তাবিত ভবন বা স্থাপনার খসড়া ডিজাইন বিল্ডিং স্থাপনার এর খসড়া ডিজাইন সংযুক্ত করণ।<br>(গ) **প্রস্তুত**কৃত অনাপত্তি পত্রের শর্তে গ্রাহককে | **সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে মহানগরী এলাকায় ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত শর্তে সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) নির্ধারিত ফি এর বিপরীতে ১৫% ভ্যাট আদায়ের মাধ্যমে গ্রাহককে ভূমি ব্যবহার এর অনাপত্তি পত্র প্রদান করা হবে।<br>(খ) অনাপত্তি পত্রের ফরমের সহিত প্রস্তাবিত ভবন বা স্থাপনার খসড়া ডিজাইন বিল্ডিং এর খসড়া ডিজাইন সংযুক্ত করতে হবে। (গ) **প্রস্তুত**কৃত অনাপত্তি পত্রের শর্তে গ্রাহককে আরডিএ কর্তৃক অনুমোদিত নকশার কপি প্রদানের জন্য অবহিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | আরডিএ কর্তৃক অনুমোদিত নকশার কপি প্রদানের জন্য অবহিত করণ।<br>এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ০৫ | মহানগরী এলাকায় গ্যাস/পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগের গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রজ্ঞাপন নং-৪৬.০০.০০০০.০৭০.২২.০০১.১৮-১০৪৩ মোতাবেক উন্মুক্ত খনন এবং এইচডিডি খনন ক্ষতিপূরণ ফি সরকার কর্তৃক নির্ধারিত রয়েছে। আলোচনায় প্রকাশ পায় যে,<br>**(ক)** মহানগরী এলাকায় গ্যাস/ পানি সংযোগের জন্য রাস্তা কাটার বিষয়ে গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রজ্ঞাপন নং - ৪৬.০০.০০০০.০৭০.২২.০০১.১৮-১০৪৩ মোতাবেক উন্মুক্ত খনন এবং এইচডিডি খনন ক্ষতিপূরণ ফি গ্রাহক প্রদান করে থাকেন। উক্ত ক্ষতিপূরণ ফি জমাকরণের মাধ্যমে ঠিকাদার নিয়োগপূর্বক উক্ত রাস্তা মেরামত করা যেতে পারে।<br>**(খ)** যে সকল গ্রাহকগণের আবেদন জমা রয়েছে সে সকল গ্রাহকগণের আবেদন কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে অনাপত্তি ছাড়পত্র প্রদান করা যেতে পারে।<br>আলোচনায় আরো প্রকাশ পায় যে, পরবর্তীতে অনলাইনের মাধ্যমে বর্নিত ক্ষতিপূরণ ফি জমার কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।<br>এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে এলাকায় গ্যাস/পানি সংযোগের জন্য রাস্তা কাটার ফি নির্ধারণ ও রাস্তা কর্তনের বিষয়ে নিম্নবর্ণিত শর্তে অনুমোদনের সর্বসম্মতি- ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**(ক)** মহানগরী এলাকায় গ্যাস/ পানি সংযোগের জন্য রাস্তা কাটার বিষয়ে গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রজ্ঞাপন নং-৪৬.০০. ০০০০.০৭০.২২.০০১.১৮-১০৪৩ মোতাবেক উন্মুক্ত খনন এবং এইচডিডি খনন ক্ষতিপূরণ ফি গ্রাহক প্রদান করবেন। উক্ত ক্ষতিপূরণ ফি জমাকরণের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করে উক্ত রাস্তা মেরামত করতে হবে।<br>**(খ)** যে সকল গ্রাহকের আবেদন জমা রয়েছে সে সকল গ্রাহকের আবেদন কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে অনাপত্তি ছাড়পত্র প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক। |
| ০৬ | রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভস প্রতিষ্ঠানটি পরিচালনার বিষয়ে গত ০১.০২.২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত মতবিনিময় সভার প্রস্তাব অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভস প্রতিষ্ঠানটি পরিচালনার বিষয়ে গত মে ২০২২ হতে অক্টোবর ২০২৪ পর্যন্ত ৩০ মাসে সর্বমোট ১৯,০০,০০০/- (উনিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে। সর্বশেষ ২রা মার্চ ২০২৫ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনের ৪র্থ সভায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভার বিবিধ -৯-(ক) সিদ্ধান্ত মোতাবেক অনুদান স্থগিত করা হয়।<br>অনুদান স্থগিতের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে রাজশাহীস্থ হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভসকে প্রতিষ্ঠানটি পরিচালনা ও কর্পোরেশন কর্তৃক আর্থিক অনুদান চলমান রাখার ক্ষেত্রে ‘স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪’ এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির সভায় বিষয়টি নিয়ে আলোচনাপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, পরিচালক হিসেবে ড. মো. মাহবুবুর রহমান দায়িত্বে রয়েছেন এবং তার অধীনে ৪ জন কর্মচারী রয়েছে। গবেষণার জন্য প্রতিষ্ঠানটি গড়ে উঠেছে। গবেষণার জন্য প্রতিষ্ঠানটিতে অনেকেই গবেষনার জন্য আসেন। প্রতিষ্ঠানটি পরিচালনার একটি ট্রাস্টি বোর্ড রয়েছে। | **সিদ্ধান্ত** ঃ (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে কর্পোরেশনের একজন কর্মকর্তাকে হেরিটেজ বাংলাদেশের ইতিহাসের আর্কাইভস ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, রাসিককে মনোনয়ন দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ)রাজশাহী সিটি কর্পোরেশনের বাজেটে উক্ত প্রতিষ্ঠানের বিপরীতে কোন বাজেট বরাদ্দ না থাকায় ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে অন্তর্ভূক্ত- পূর্বক মাসিক অনুদান হিসেবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা উক্ত প্রতিষ্ঠান এর অনুকূলে প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | উক্ত ট্রাস্টি বোর্ড কর্তৃক পরিচালনার ক্ষেত্রে কর্মচারীর বেতন- ভাতাদিসহ বছরে প্রায় ১০-১২ (দশ হতে বার) লক্ষ টাকা ব্যয় হয়। আয়ের তুলনায় ব্যয় বেশি হওয়ায় প্রতিষ্ঠানটি ভবিষ্যতে নিয়ন্ত্রণহীন হয়ে পড়বে। তিনি সভায় আরো জানান যে, প্রতিষ্ঠানটি হস্তান্তরের বিষয়ে ট্রাস্টি বোর্ডের অনুমোদন না থাকায় সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা সম্ভব নয়। বর্ণিত প্রতিষ্ঠানের ট্রাস্টি বোর্ডের সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি থাকা প্রয়োজন। সভাপতি উক্ত ট্রাস্টি বোর্ডে প্রধান নির্বাহী কর্মকর্তা, রাসিককে প্রতিনিধি করার প্রস্তাব করেন। তাছাড়া কর্পোরেশনের বাজেটে উক্ত প্রতিষ্ঠানের বিপরীতে কোন বাজেট বরাদ্দ না থাকায় ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে অন্তর্ভূক্তপূর্বক অত্র কর্পোরেশন কর্তৃক মাসিক অনুদান হিসেবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা উক্ত প্রতিষ্ঠান এর অনুকূলে প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ০৭ | রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের ভাতা ৩০০.০০ (তিনশত) টাকার স্থলে ১০০০.০০ (এক হাজার) টাকা এবং সদস্যবৃন্দের সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকার স্থলে ৮০০.০০ (আটশত) টাকা নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের ভাতা ৩০০.০০ (তিনশত) টাকার স্থলে ১০০০.০০ (এক হাজার) টাকা এবং সদস্যবৃন্দের সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকার স্থলে ৮০০.০০ (আটশত) টাকা নির্ধারণের বিষয়ে অদ্যকার প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবের প্রেক্ষিতে আলোচনায় প্রকাশ পায় যে, পিপিআর অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটিসহ অন্যান্য কমিটি এর সদস্যদের সম্মানী যেভাবে নির্ধারিত আছে সেভাবে রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের সম্মানী ভাতা ৩০০.০০ (তিনশত) টাকার স্থলে কমপক্ষে ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং সদস্যবৃন্দের সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকার স্থলে কমপক্ষে ১০০০.০০ (এক হাজার) টাকা নির্ধারণ করা প্রয়োজন। প্রস্তাবিত সম্মানী ভাতা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে পিপিআর অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটিসহ অন্যান্য কমিটি এর সদস্যদের সম্মানী ভাতা যেভাবে নির্ধারিত আছে সেভাবে রিভিউ বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের সম্মানী ভাতা ৩০০.০০ (তিনশত) টাকার স্থলে কমপক্ষে ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং সদস্যবৃন্দের সম্মানী ভাতা ২০০.০০ (দুইশত) টাকার স্থলে কমপক্ষে ১০০০.০০ (এক হাজার) টাকা নির্ধারণপূর্বক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক। |
| ০৮ | জালালাবাদ সেনানিবাস সিলেট ক্যান্টনমেন্ট প্যারাকমান্ড ইউনিট কর্তৃক ইউনিট এলাকার প্রশিক্ষণ সহায়ক হিসেবে নির্মিত সারভাইভাল ভিলেজ এর জন্য রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানা থেকে ২ (দুই) টি চিত্রা হরিণ মূল্য পরিশোধ সাপেক্ষে ক্রয় এবং ৩ (তিন)টি হরিণ অনুদান হিসেবে প্রদানের প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে ভ্যাটেরিনারি সার্জন, রাসিক সভাকে অবহিত করেন যে, কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানায় প্রতিটি হরিণের মূল্য পূর্ববর্তী পরিষদ কর্তৃক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা করে নির্ধারণ করাছিল। উল্লেখ্য যে, গত ৫ আগস্ট ২০২৪ তারিখে চিড়িয়াখানার অফিস ভাংচুর, মাছ ও কিছু পাখিসহ গুরুত্বপূর্ণ নথি, হরিণ ধরার যন্ত্রপাতি ও চিকিৎসা সরঞ্জামসহ অফিস হতে আলমারী লুট হয়ে যায়। হরিণ ধরার সরঞ্জাম (৬টি সিরিজ) আনার জন্য ঢাকা চিড়িয়াখানায় যোগাযোগ করা হয়েছে। চিড়িয়াখানা হতে বন বিভাগ কর্তৃক প্রদত্ত লাইসেন্স, নির্ধারিত বিক্রয় মূল্য এবং সরকারি ভ্যাট-ট্যাক্স পরিশোধ সাপেক্ষে হরিণ বিক্রয় করা হয়ে থাকে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনান্তে জালালাবাদ সেনানিবাস সিলেট ক্যান্টনমেন্ট প্যারাকমান্ড ইউনিট কর্তৃক ইউনিট এলাকার প্রশিক্ষণ সহায়ক হিসেবে নির্মিত সারভাইভাল ভিলেজ এর জন্য ২ (দুই)টি চিত্রা হরিণ প্রতিটি ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসেবে বিক্রয় এবং ৩ (তিন)টি হরিণ উক্ত সংস্থাকে | **সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানার থেকে জালালাবাদ সেনানিবাস সিলেট ক্যান্টনমেন্ট প্যারাকমান্ড ইউনিট কর্তৃক ইউনিট এলাকার প্রশিক্ষণ সহায়ক হিসেবে নির্মিত সারভাইভাল ভিলেজ এর জন্য ২ (দুই)টি চিত্রা হরিণ প্রতিটি ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসেবে বিক্রয় এবং ৩ (তিন)টি হরিণ উক্ত সংস্থাকে অনুদান হিসেবে প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানা, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | অনুদান হিসেবে প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ০৯ | **সিটি নার্সিং কলেজের আয়-ব্যয়, ব্যাংক হিসাব, জনবল নিয়োগ নিরীক্ষার জন্য গত ১১.১১.২০২৫ খ্রি. তারিখের ৪৬.১২.০০০০.০০৩.৫০.৭৩৭.২২.২৫১/১ নং স্মারকে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা এবং বকেয়া বেতন ভাতাদি (মার্চ ২০২৫ হতে অদ্যবধি পর্যন্ত) প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।** | সভাপতির অনুমতিক্রমে ভ্যাটেরিনারি সার্জন, রাসিক রাজশাহী সিটি নার্সিং কলেজের জনবল নিয়োগ (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী) এবং বেতন ভাতাদি ও আয় ব্যয় নিরীক্ষার প্রতিবেদন **সভায় উপস্থাপন করেন।**<br>(ক) সিটি নার্সিং কলেজ ডেকোরেশনে কত টাকা বিনিয়োগ/ব্যয় হয়েছে।<br>আলোচনা পর্যালোচনাপূর্বক রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক বিনিয়োগকৃত অর্থের পরিমান ২,১২,৫২,৯৪৬.৫০ (দুই কোটি বারো লক্ষ বাহান্ন হাজার নয়শত ছিচল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) । ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান বর্নিত টাকার মধ্যে (২৫,০০,০০০.০০+৩০,০০,০০০.০০+ ৪০,০০,০০০.০০)=৯৫,০০,০০০.০০ (পঁচানব্বই লক্ষ) টাকার এফডিআর নার্সিং কলেজ কর্তৃপক্ষের নিকট রয়েছে এবং ০৭.০১.২০২৬ তারিখ পর্যন্ত নার্সিং কলেজের ব্যাংক হিসাবে ৪,০২,৫২৩.৭১ (চার লক্ষ দুই হাজার পাঁচশত তেইশ টাকা একাত্তর পয়সা) টাকা জমা রয়েছে। তবে ডেকোরেশন বাবদ কত টাকা ব্যয় হয়েছে তার প্রমানক নার্সিং কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে পাওয়া যায়নি। কলেজ ডেকোরেশন বাবদ প্রকৌশল বিভাগ ও ভাণ্ডার শাখার মাধ্যমে ব্যয় হয়েছে বলে অধ্যক্ষ জানান।<br>(খ) কলেজ চালুকরণের অনুমতি পত্র রয়েছে কিনা ?<br>নিরীক্ষা কমিটি সকল প্রমানক পর্যালোচনা পূর্বক জানান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রতিষ্ঠানটির সাময়িক অনুমোদন রয়েছে ।<br>(গ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের সংখ্যা ?<br>সিটি নার্সিং কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহোদয় নিয়োগকৃত শিক্ষক-১৮ জন, কর্মকর্তা-৫ জন ও কর্মচারী-৪৮ জন সর্বমোট-৭১ জন সংখ্যা ও নামের তালিকা প্রদান করেন।<br>(ঘ) সিটি নার্সিং কলেজের জনবল নিয়োগ কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় হয়েছি কিনা ?<br>সিটি নার্সিং কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান, জনবল কাঠামোতে নির্ধারিত সীমার মধ্যে উল্লেখিত ৭১ | **সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে গঠিত নিরীক্ষা কমিটির প্রতিবেদনের আলোকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ১ (এক) মাসের মধ্যে প্রেরণের জন্য অধ্যক্ষ, রাজশাহী নার্সি কলেজকে পত্র প্রেরণ করতে হবে এবং অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | জন শিক্ষক কর্মকর্তা/কর্মচারীর পদে নিয়োগ দেয়া হয়েছে। তবে তিনি নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়ের অনুমতিসহ ছাড়পত্র, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের কপি, নিয়োগ বোর্ডের সভাপতিসহ সদস্যবৃন্দের অনুমোদিত তালিকা কলেজ কর্তৃপক্ষ সরবরাহ করতে পারেন নাই। তবে শুধু টাইপ করা মেয়রের স্বাক্ষরিক একটি নিয়োগ বিজ্ঞপ্তির ফটোকপি নিরীক্ষা কমিটিকে সরবরাহ করেন। উক্ত জনবল নিয়োগ কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন হয়নি মর্মে নিরীক্ষা কমিটির নিকট প্রতীয়মান হয়।<br><br>(ঙ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে যে বেতনস্কেল প্রদান করা হয়েছে তা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন রয়েছে কিনা?<br><br>স্থানীয় সরকার বিভাগ বা অর্থ মন্ত্রণালয়ের অনুমোদিত কোন বেতন স্কেলের ডকুমেন্ট বা পত্র নিরীক্ষা কমিটিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহোদয় দেখাতে পারে নাই। কাজেই সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নিয়োগের বেতন স্কেল অনুমোদন নেই মর্মে নিরীক্ষা কমিটির নিকট প্রতীয়মান হয়। তবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নার্সিং শাখা কর্তৃক ২৪.১০.২০১৬ তারিখে এসআরও। নম্বর ৩২১-আইন/২০১৬ জারিকৃত প্রজ্ঞাপন সংযুক্ত রয়েছে। যাহা রাজশাহী সিটি নার্সিং কলেজের অনুমোদিত প্রজ্ঞাপন নহে মর্মে নিরীক্ষা কমিটি মনে করেন।<br><br>(চ) সিটি নার্সিং কলেজের জনবল মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কিনা ?<br><br>তবে স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ বা অর্থ মন্ত্রণালয়ের অনুমোদিত কোন ডকুমেন্ট বা অর্গানোগ্রামের কপি বা পত্র নিরীক্ষা কমিটিকে দেখাতে পারে নাই। কাজেই সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক অর্গানোগ্রাম অনুমোদন নেই মর্মে নিরীক্ষা কমিটির নিকট প্রতীয়মান হয়।<br><br>(ছ) সিটি নার্সিং কলেজের ব্যাংক হিসাব সংক্রান্ত নিরীক্ষা।<br><br>সুষ্ঠু নিরীক্ষার জন্য চেক রেজিষ্টার, | | |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | চেকের মুড়ি, এফডিআরসহ রেজিষ্টার, ভাউচারসহ আয় ব্যয়ের রেজিষ্টার, ব্যাংক ষ্টেটমেন্ট এবং প্রয়োজনীয় ডকুমেন্টসহ মূল ক্যাশ বহি প্রয়োজন রয়েছে। তবে ব্যাংক ষ্টেটমেন্ট, আয় ব্যয়ের হিসাব এর কপি (ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ও ক্যাশ বুকের ফটোকপি প্রদান করেন।<br><br>(জ) কলেজের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষা।<br>আয় ও ব্যয়ের সুষ্ঠু নিরীক্ষার জন্য চেক রেজিষ্টার, চেকের মুড়ি, এফডিআরসহ রেজিষ্টার, ভাউচারসহ আয় ব্যয়ের রেজিষ্টার, ব্যাংক ষ্টেটমেন্ট এবং প্রয়োজনীয় ডকুমেন্টসহ মূল ক্যাশ বহি প্রয়োজন রয়েছে। তবে আয় ব্যয়ের হিসাব এর কপি (ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) প্রদান করেন।<br><br>(ঝ) বিদ্যুৎ বিল পরিশোধের কপি নিরীক্ষা।<br>কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের মূল কপি নিরীক্ষা কমিটিকে সরবরাহ করেন নাই। তবে নার্সিং কলেজ কর্তৃপক্ষ ফেব্রুয়ারি-২০২৫ পর্যন্ত বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে বলে মৌখিকভাবে জানালেও সামারী সীটে আগষ্ট-২০২৫ পর্যন্ত বিল পরিশোধ রয়েছে।<br><br>সভাপতি উপরোক্ত নিরীক্ষা মন্তব্য এর আলোকে সভায় উপস্থিত সদস্যদের মতামত/পরামর্শ প্রদানের অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে সভায় উপস্থিত কমিটির সদস্য নেসকো, রাজশাহী এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ মাহবুবুল আলম চৌধুরী সভায় বলেন, রাজশাহী সিটি নার্সিং কলেজের জনবল (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগের বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়নি। গোটা নিয়োগ প্রক্রিয়া সঠিক/স্বচ্ছ হয়নি। আলোচনায় অংশ নিয়ে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের প্রতিনিধি অতিরিক্ত উপপুলিশ কমিশনার জনাব মোঃ গাজিউর রহমান সভায় বলেন যে, একটি প্রতিষ্ঠানের অনুমোদিত সাংগঠনিক কাঠামো থাকতে হবে। অনুমোদিত সাংগঠনিক কাঠামোর মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কিন্তু সেটা অনুসরণ করা হয়নি। জনবল নিয়োগ কার্যক্রম অবৈধভাবে করা হয়েছে, যা গ্রহণযোগ্য নয়। সেখানে ৩০ জন ছাত্র ছাত্রী অধ্যায়নরত রয়েছে। বিধি মোতাবেক নতুনভাবে সকল কার্যক্রম চালু করা প্রয়োজন। উক্ত দুইজন সদস্যের মতামতের আলোকে সভায় উপস্থিত | | |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | অন্যান্য সদস্যগণ একমত পোষণ করেন। সভায় উপস্থিত সদস্যদের মতামতের আলোকে বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে গঠিত নিরীক্ষা কমিটির প্রতিবেদনের আলোকে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ১ (এক) মাসের মধ্যে প্রেরণের জন্য অধ্যক্ষ, রাজশাহী নার্সি কলেজকে পত্র প্রেরণ করা যেতে পারে। অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন সিদ্ধান্ত গ্রহণের জন্য পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | | |
| ১০ | রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত CDC এর কার্যক্রম ও আয়-ব্যয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতির অনুমতিক্রমে চীফ কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, রাসিক সভাকে অবহিত করেন যে, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি ডেভেলপমেন্ট শাখার কার্যক্রম নিম্নরূপ ঃ<br><br>১। কমিউনিটিভিত্তিক সংগঠন শক্তিশালী করা কমিউনিটি পর্যায়ে দরিদ্রদের সংগঠন তৈরি করা টেকসই সংগঠনের লক্ষ্যে কমিউনিটিভিত্তিক সিডিসির সঞ্চয় ও ঋণ কার্যক্রম জোরদার করা কমিউনিটি পর্যায়ের দরিদ্রদের সংগঠনগুলোর সক্ষমতা বাড়ানো।<br><br>২। শহরে বসবাসরত দরিদ্রদের জন্য আবাসন ব্যবস্থা : ভূমির ভোগ দখলি নিরাপত্তা বাড়ানো গৃহঋণ প্রাপ্তির সুযোগ বাড়ানো ও অর্থায়ন নগরে দরিদ্রদের সামর্থ্য অনুযায়ী কম খরচে আবাসন নির্মাণ ও সংস্কার<br><br>৩। প্রান্তিক নারীদের জীবনমান উন্নয়ন করা।<br><br>৪। কমিউনিটিভিত্তিক জলবায়ু সহিষ্ণু নগর অবকাঠামো উন্নয়ন।<br><br>৫। নারী উদ্যোক্তা সৃষ্টি করা।<br><br>৬। দরিদ্রবান্ধব নগর ব্যবস্থাপনা গঠনে সহায়তা করা এবং বস্তি উন্নয়ন কমিটিকে সহায়তা করা।<br><br>৭। রাজশাহী সিটি কর্পোরেশন এর সঙ্গে যে সমস্ত উন্নয়ন সংস্থা (এনজিও) বস্তিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠির উন্নয়ন এর জন্য প্রকল্প ভিত্তিক কার্যক্রম করে তাদের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় করা।<br><br>তাছাড়া তিনি আর্থিক বিষয়ে সভাকে অবহিত করেন যে, মোট মূলধনের পরিমান= | **সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়নে সিডিসি সদস্যদের সঞ্চয়কৃত অর্থ ও দাতা সংস্থার অনুদানের মাধ্যমে কমিউনিটি সংগঠন/ কর্মসূচি পরিচালিত হয়ে থাকে তৎপ্রেক্ষিতে উক্ত কমিউনিটি সংগঠন/কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে কর্পোরেশন কর্তৃক একজন কর্মকর্তাকে প্রকল্প কমিটির সদস্য-সচিব হিসেবে মনোনয়ন দেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাসিক |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | ৬,৪৪,৭৯,২৫৭.০০ (ছয় কোটি চুয়াল্লিশ লক্ষ ঊনআশি হাজার দুইশত সাতান্ন) টাকা।<br>১. মোট আয়ের পরিমান= ৭,১৮,৯৭,১৯৪.০০ (সাত কোটি আঠারো লক্ষ সাতানব্বই হাজার একশত চুরানব্বই) টাকা।<br>২. মোট এফডিআর এর পরিমান= ১,৬০,০০০০০.০০ (এক কোটি ষাট লক্ষ) টাকা।<br>৩. মোট ঋণ প্রদান= ১০,১,১৫০০০.০০ (দশ কোটি এক লক্ষ পনের হাজার) টাকা।<br>৪. মোট ঋণী সদস্য= ৫৩৬ জন<br>৫. মোট খরচের পরিমান= ৭৫,৬৩,০৫৬.০০ (পঁচাত্তর লক্ষ তেষট্টি হাজার ছাপান্ন) টাকা।<br>বর্তমানে মোট ব্যাংক স্থিতি= ১,১২,৯৮,৩৯৫.০০ (এক কোটি বারো লক্ষ আটানব্বই হাজার তিনশত পঁচানব্বই) টাকা।<br>উক্ত বিষয়ে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, সিডিসি সদস্যদের সঞ্চয়কৃত অর্থ ও দাতা সংস্থার অনুদানের মাধ্যমে কমিউনিটি সংগঠন/কর্মসূচি পরিচালিত হয়ে থাকে। এক্ষেত্রে রাজশাহী সিটি কর্পোরেশনের কোন আর্থিক সংশ্লিষ্টতা নাই। তাছাড়া তিনি আরো অবহিত করেন যে, পরিচালনার ক্ষেত্রে কর্পোরেশন কর্তৃক একজন কর্মকর্তাকে সদস্য-সচিব হিসেবে মনোনয়ন দেয়া প্রয়োজন। এ বিষয়ে সভায় একমত পোষণ করেন। | | |
| ১১ | বিবিধ | (ক) সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিগত ২৪.০৪.২০২৫ খ্রি. (২০২৪-২০২৫ অর্থ বছরে) বকেয়া পৌরকর সারচার্জ মওকুফসহ আদায়ের জন্য ক্যাম্প স্থাপন করা হয়। তৎপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে বেসরকারি হোল্ডিংসমূহের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ৩০ টি ওয়ার্ডে পৌর কর, দোকান ভাড়া ও ট্রেড লাইসেন্স ফি আদায় ক্যাম্প স্থাপন ও হোল্ডিংসমূহের বকেয়া পৌরকরের উপর সারচার্জ মওকুফ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আগামী এপ্রিল/২০২৬ মাসে অন্তত: ১৫ দিন আদায় ক্যাম্প স্থাপনের মাধ্যমে আদায় ও উক্ত ক্যাম্প চলাকালীন সময়ে পৌরকর, ট্রেড লাইসেন্স ফি, দোকান ভাড়ার উপর ১৫% সারচার্জ মওকুফের কার্যক্রম পরিচালিত হবে। এ বিষয়ে সভায় পর্যালোচনান্তে একমত পোষণ করা হয়।<br><br>(খ) সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিগত ১৯.০১.২০২৬ খ্রি. তারিখে অনলাইন ওয়ান স্টপ সার্ভিস এর মাধ্যমে সেবা প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ বিনিয়োগ | **সিদ্ধান্ত ঃ (ক) সভায়** বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ৩০ টি ওয়ার্ডে আগামী এপ্রিল/২০২৬ মাসে অন্তত: ১৫ দিন আদায় ক্যাম্প স্থাপনের মাধ্যমে আদায় ও উক্ত ক্যাম্প চলাকালীন সময়ে পৌরকর, ট্রেড লাইসেন্স ফি, দোকান ভাড়ার উপর ১৫% সারচার্জ মওকুফের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্তঃ (খ) সভায়** বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৫৯ ধারার আলোকে অনলাইন ওয়ান স্টপ সার্ভিস এর মাধ্যমে সেবা প্রদানের | প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক। |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-১ম পক্ষ এবং রাজশাহী সিটি কর্পোরেশন-২য় পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক সম্পাদিত হয়। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৫৯ ধারার আলোকে সমঝোতা স্মারকটি চূড়ান্ত অনুমোদন হওয়া প্রয়োজন।<br>সভায় পর্যালোচনান্তে সমঝোতা স্মারকটি চূড়ান্ত অনুমোদনের বিষয়টি একমত পোষণ করা হয়। | উদ্দেশ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-১ম পক্ষ এবং রাজশাহী সিটি কর্পোরেশন-২য় পক্ষের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক অনুমোদনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) রাজশাহী সিটি কর্পোরেশন কর্মচারী ইউনিয়ন, নগর ভবন, রাজশাহী, রেজিঃ নম্বর রাজ-৫৮২ এর সভাপতি ও সাধারণ সম্পাদক যৌথ স্বাক্ষরে গত ২৪.০২.২০২৬ খ্রি. তারিখে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের বিশেষ বোনাস/উৎসব ভাতা প্রদানের জন্য আবেদন করেছেন। আবেদনে তারা জানান যে, রাজশাহী সিটি কর্পোরেশনের দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের জন্য পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মানবিক দিক বিবেচনাপূর্বক একটি সম্মানজনক উৎসব বা বোনাস প্রদান করা প্রয়োজন। বিষয়টি নিয়ে আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে উৎসব ভাতা/বোনাস পেয়ে থাকেন। কিন্তু স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের ন্যায় দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে উৎসব ভাতা/বোনাস দেয়া হয় না। ইতোপূর্বে শুধুমাত্র পরিচ্ছন্ন বিভাগের দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে উৎসব ভাতা/বোনাস ১,০০০/- (এক হাজার) টাকা করে পরিশোধ করা হয়েছিল। পরিচ্ছন্ন বিভাগের ন্যায় পরিচ্ছন্ন বিভাগসহ অন্যান্য সকল বিভাগ/শাখার দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে বিশেষ বোনাস/উৎসব ভাতা হিসাব বিভাগের মতামত সাপেক্ষে প্রদানের জন্য সভায় একমত পোষণ করা হয়। | **সিদ্ধান্ত ঃ (গ)** সভায় বিস্তারিত আলোচনান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণ পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে উৎসব ভাতা/বোনাস পেয়ে থাকেন। কিন্তু স্থায়ী কর্মকর্তা/কর্মচারীগণের ন্যায় দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে উৎসব ভাতা/বোনাস দেয়া হয় না। ইতোপূর্বে শুধুমাত্র পরিচ্ছন্ন বিভাগের দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে উৎসব ভাতা/ বোনাস ১,০০০/- (এক হাজার) টাকা করে পরিশোধ করা হয়েছিল। পরিচ্ছন্ন বিভাগের ন্যায় পরিচ্ছন্ন বিভাগসহ অন্যান্য সকল বিভাগ/শাখার দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণকে বিশেষ বোনাস/উৎসব ভাতা হিসাব বিভাগের মতামত সাপেক্ষে প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক। |
| | | (ঘ) সভাপতির অনুমতিক্রমে বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক সভাকে অবহিত করেন যে, কর্পোরেশনের ২০২৫-২৬ অর্থবছরে গত অক্টোবর-২০২৫ হতে ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদনের আলোকে তাদের অনুকুলে বর্ণিত অংকের আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। প্রদানকৃত আর্থিক অনুদান ভুতাপেক্ষ অনুমোদন দেয়া প্রয়োজন। | **সিদ্ধান্ত ঃ (ঘ)** সভায় বিস্তারিত আলোচনান্তে অক্টোবর-২০২৫ হতে ফেব্রুয়ারী -২০২৬ পর্যন্ত বর্ণিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের আবেদনের আলোকে তাদের অনুকুলে বর্ণিত অংকের আর্থিক অনুদান সর্বমোট = ২৩,৭১,০০০/- (তেইশ লক্ষ একাত্তর হাজার) টাকা প্রদানের ভুতাপেক্ষ অনুমোদনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাসিক |

| | অক্টোবর-২০২৫ | |
|---|---|---|
| ১ | বাংলাদেশ সোমিও কালচার ফোরাম, রাজশাহী বিশ্ববিদ্যালয় | ২৫,০০০.০০ |
| ২ | টেনিস কমপ্লেক্স, রাজশাহী | ১,৫০,০০০.০০ |
| ৩ | জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী সংস্থা | ২৫,০০০.০০ |
| ৪ | মোঃ আলম ইসলাম, দৃষ্টি প্রতিবন্ধী (ব্যক্তিগত) | ২৫,০০০.০০ |
| ৫ | ড. বেগম আসমা সিদ্দীকা, আহ্বায়ক গৌরবের ৭২ বছর পুনর্মিলনী উদযাপন (আইন বিভাগ, রাজশাহী বিশ্ব বিদ্যালয়) | ৫০,০০০.০০ |
| ৬ | ড. মোঃ আমিরুল ইসলাম, ছাত্র উপদেষ্টা ও অধ্যাপক, রাজশাহী বিশ্ব বিদ্যালয় (জাতীয় বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের জন্য) | ২০,০০০.০০ |
| | মোট | ২,৯৫,০০০.০০ |

| ক্র ং | আলোচ্য সুচি | আলোচনা/প্রস্তাব | গৃহীত সুপারিশ/সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|

| | নভেম্বর-২০২৫ | |
|---|---|---|
| ১। | মোঃ সামিউল হক, রাজশাহী বিশ্ব বিদ্যালয়, রাজশাহী, শিক্ষা বৃত্তি | ১০,০০০.০০ |
| ২। | মোসাঃ খাতিজা খাতুন, রাজশাহী বিশ্ব বিদ্যালয়, রাজশাহী, শিক্ষা বৃত্তি | ১০,০০০.০০ |
| ৩। | মোসাঃ তমালিকা আক্তার মৌ, রাজশাহী সরকারী মহিলা কলেজ, শিক্ষা বৃত্তি | ৭,০০০.০০ |
| ৪। | মোসাঃ মহিমা খাতুন, রাজশাহী সরকারী মহিলা কলেজ, শিক্ষা বৃত্তি | ৭,০০০.০০ |
| ৫। | মোঃ সালেহ উদ্দিন, নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী, শিক্ষা বৃত্তি | ৭,০০০.০০ |
| | **মোট** | **৪১,০০০.০০** |

| | ডিসেম্বর -২০২৫ | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক, মহান বিজয় দিবস-২০২৫ উপলক্ষে অনুদান | ৫,০০,০০০.০০ |
| ২ | দরিদ্র ও মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষা বৃত্তি অনুদান | ১০,৭০,০০০.০০ |
| | **মোট** | **১৫,৭০,০০০.০০** |

| | জানুয়ারী-২০২৬ | |
|---|---|---|
| ১ | হেলেনা পারভীন, উপ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | ১,০০,০০০.০০ |
| ২ | জুলফিকার নাঈম জিহান, রাজশাহী বিশ্ববিদ্যারয়, খেলা ধুলার জন্য আর্থিক অনুদান | ২০,০০০.০০ |
| ৩ | মাহফুজ আহমেদ, চিকিৎসা বাবদ আর্থিক অনুদান | ৪০,০০০.০০ |
| ৪ | মোঃ আলমগীর হোসেন, উপ প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনার, রাজশাহী, খেলাধুলার জন্য আর্থিক অনুদান | ২৫,০০০.০০ |
| ৫ | মোসাঃ মিলি, মৃত দেহ সৎকার বাবদ অনুদান | ১০,০০০.০০ |
| ৬ | দরিদ্র ও মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষা বৃত্তি অনুদান | ১০,০০০.০০ |
| | **মোট** | **২,০৫,০০০.০০** |

| | ফেব্রুয়ারী-২০২৬ | |
|---|---|---|
| ১। | মোসাঃ টুলু বেগম, স্বামী মৃত মোঃ সিদ্দিক, দৈনিক মজুরী ভিত্তিক মৃত্যুকালীন অনুদান | ১,০০,০০০.০০ |
| ২। | ফারহানা আহম্মেদ নিয়তি, মৃত ফারুক আহম্মেদ, দৈনিক মজুরী ভিত্তিক মৃত্যুকালীন | ১,০০,০০০.০০ |
| ৩। | মোঃ মাহমুদুর রহমান, দৈনিক মজুরী ভিত্তিক ফটোকপি অপারেটর, চিকিৎসার জন্য অনুদান | ২০,০০০.০০ |
| ৪। | মোঃ আব্দুল রাজ্জাক, অফিস সহকারী, চিকিৎসার জন্য অনুদান | ৪০,০০০.০০ |
| | **মোট** | **২,৬০,০০০.০০** |

অক্টোবর-২০২৫ হতে ফেব্রুয়ারী-২০২৬ পর্যন্ত বর্ণিত ব্যাক্তি ও প্রতিষ্ঠানের আবেদনের আলোকে তাদের অনুকুলে বর্ণিত অংকের আর্থিক অনুদান সর্বমোট = ২৩,৭১,০০০/- (তেইশ লক্ষ একাত্তর হাজার) টাকা প্রদানের ভুতাপেক্ষ অনুমোদন দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

পরিশেষে তিনি বলেন যে, জনস্বার্থে নাগরিক সেবা সুনিশ্চিত করণে গঠিত কমিটির সদস্যগণ তার দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডে সপ্তাহে অন্তত: ০৩(তিন) দিন তার সুবিধামত সময়ে ওয়ার্ড কার্যালয়ে বসবেন। সভায় উপস্থিত সকলকে পবিত্র ঈদুল ফিতর এর আগাম শুভেচ্ছা জানান। আর কোন আলোচনা না থাকায় সকলের অংশগ্রহন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(ড. আ.ন.ম. বজলুর রশীদ)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪.

তারিখ- ফাল্গুন ১৪৩২ / ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ৮ ও ১০।
২। উপব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫।
৩। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১২ ও ২২।
৪। অতিরিক্ত উপপুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৭ ও ০৯।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী, ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ২১ ও ২৭।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৭ ও ১৮।
৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৯।
৮। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১ ও ০৪।
৯। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৬।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৩ ও ২৪।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৫ ও ০৬।
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ০২ ও ০৩।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ৩০।
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১১।
১৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৫ ও ২৮।
১৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯।
১৭। নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী ও সদস্য/কাউন্সিলর, ওয়ার্ড নং- ১৪ ও ১৬।
১৮। বিভাগীয় কমিশনার এঁর একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী (বিভাগীয় কমিশনার ও প্রশাসক রজাশাহী সিটি কর্পোরেশন এর সদয় অবগতির জন্য)
১৯। বিভাগীয় প্রধান ..........................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
২০। ..........................................................................................., রাজশাহী সিটি কর্পোরেশন।
২১। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (সচিবের অবগতির জন্য) ।
২৩। অফিস নথি।

মোঃ রেজাউল করিম
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন